## স্নাতক পাঠক্রম ( B.D.P.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ ও জুন, ২০১৫**

*ভিত্তিমূলক ( Foundation )*

# বাংলা ( Bengali )

[ **FBG : Foundation Course in Bengali** ]

**সময় ঃ দুই ঘণ্টা** **পূর্ণমান ঃ ৫০**

( মানের গুরুত্ব ঃ ৭০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোন **দুটি** প্রশ্নের অনধিক ২৫০ শব্দে উত্তর দিন ঃ

১০ × ২ = ২০

(ক) ''আমি কিন্তু মনে মনে বুঝেছি সে ভাষা।'' কবি ও কবিতার নাম লিখুন। — বক্তা কে ? তিনি কী বুঝিয়েছেন এবং কী পেয়েছেন ? আসন্ন যুগের চিঠি ও তার বার্তা কী ? পংক্তিটির তাৎপর্য বুঝিয়ে দিন।

(খ) ''স্ত্রীলোকের প্রেমের স্বাভাবিক চরম পরিণাম ভক্তি। যেখানে তাঁহার প্রেম আপন বিকাশে কোনো বাধা পায় নাই সেখানে তাহা আপনিই পূজায় আসিয়া ঠেকে।'' — কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে ? উদ্দিষ্ট ব্যক্তি সম্পর্কে বিস্তারিত বিবরণ দিয়ে কথাগুলির তাৎপর্য বুঝিয়ে দিন।





(গ) স্বামী বিবেকানন্দ বলেছেন ''সমাজের নেতৃবৃন্দের মূল শক্তির আধার প্রজাপুঞ্জ। যে নেতৃসম্প্রদায় সেই শক্ত্যাধার হইতে বিশ্লিষ্ট হইবে ততই সে দুর্বল হইবে। — মন্তব্যটির সারবত্তা বিশ্লেষণ করুন।

(ঘ) মুরিয়াদের 'পৌষ-কুলাঙ' ও 'চৈত দান্ডা' উৎসবের বর্ণনা করুন। দুটি উৎসবের মধ্যে পার্থক্য সংক্ষেপে আলোচনা করুন।

(ঙ) প্রাচীনতম বাংলা সাহিত্যের নিদর্শনের নাম, তার রচনাকাল, তিনজন রচয়িতার নাম এবং গ্রন্থটির বিষয়বস্তু সম্পর্কে আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের অনধিক **১৫০** শব্দে উত্তর দিন ঃ

৬ × ৩ = ১৮

(ক) দিবে আর নিবে, মিলাবে মিলিবে, যাবে না ফিরে। — কবি কথিত এই বার্তা কবিতায় কতটা ব্যক্ত হয়েছে, আলোচনা করুন।

(খ) ''হাড় ওরা পেয়েছে, কেবল মন্ত্র পাওয়াটাই বাকি।'' — 'ওরা' কারা ? কী সেই 'মন্ত্র' এবং 'মন্ত্র' পাওয়াটাই বাকি বলার তাৎপর্য বুঝিয়ে দিন।

(গ) বিলাত প্রবাসকালে রবীন্দ্রনাথের দুটি স্মরণীয় ঘটনার পরিচয় দিন।

(ঘ) বৈষ্ণব পদাবলী রচনায় প্রাক্‌চৈতন্য ও চৈতন্যোত্তর কালের একজন করে দু'জন কবির নাম ও পরিচয় দিন।

(ঙ) 'পিঁপড়ের লড়াই' রচনায় নালসো পিঁপড়ের লড়াইয়ের বর্ণনা দিন।

(চ) মধ্যযুগের মঙ্গলকাব্যে চণ্ডী ও মনসামঙ্গল কাব্যের দু'জন করে কবির কাব্যের নাম ও সংক্ষিপ্ত পরিচয় দিন।

(ছ) 'আধুনিক সংস্কৃতি' প্রবন্ধে লেখক বাঙালির সংস্কৃতিকে তিনটি পর্বে ভাগ করেছেন। পর্ব তিনটির কাল নির্দেশ করে বিভাজনের যৌক্তিকতা আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৩ × ৪ = ১২

(ক) সপ্তদশ শতকের দু'জন কবির ও কাব্যের নাম উল্লেখ করুন।

(খ) নাথযোগী ও সিদ্ধাচার্যর নাম ও গ্রন্থের নাম লিখুন।

(গ) সংস্কৃতে লেখা দুটি জীবনী কাব্য রচয়িতা ও কাব্যের নাম লিখুন।

(ঘ) ধ্বনি, বর্ণ ও অক্ষরের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

(ঙ) উপসর্গ ও অনুসর্গের পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।





(চ) বাক্য সংকোচন করুন। সংকোচিত শব্দযোগে অর্থবহ বাক্য রচনা করুন ( যে কোন **তিনটি** ) :
যিনি শত্রুকে বধ করেন, যিনি সব কিছুই সহ্য করেন, মূর্ধা যার উচ্চারণ স্থান, যার স্ত্রী বিদেশে থাকেন, বীণার ধ্বনি, শুভক্ষণে যাঁর জন্ম, যে নারীর পতিও নেই পুত্রও নেই, ঈশ্বরে যার বিশ্বাস আছে।

(ছ) সংক্ষিপ্ত টীকা লিখুন ( যে কোন **তিনটি** ) :
অ্যান্টনি ফিরিঙ্গি, ইয়ং বেঙ্গল, হুতোম প্যাঁচার নক্শা, মঙ্গলকাব্য, বিদ্যাপতি, কৃত্তিবাস, চর্যাচর্যবিনিশ্চয়।

(জ) ''মৌমাছি ও প্রজাপতির সহিত গাছের চিরকাল বন্ধুতা।'' — উদ্ধৃতিটির তাৎপর্য বুঝিয়ে দিন।

(ঝ) 'দণ্ডক-শবরী' প্রবন্ধ অনুসরণে ৬টি আদিবাসী সম্প্রদায়ের নাম উল্লেখ করুন।